

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৫৯
শান্তিরবাজার, ১৩ মার্চ, ২০২৫

৭৮তম বনকুল মহামুনি মেলা

রাজ্যের মধ্যে অন্যতম আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসেবে
বনকুলকে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হবে : মুখ্যমন্ত্রী



রাজ্যের মধ্যে অন্যতম আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসেবে বনকুলকে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হবে। আজ সাবুমের মনুবনকুলে মহামুনি বুদ্ধ মন্দির প্রাঙ্গণে ৭৮তম ৫দিনব্যাপী বনকুল মহামুনি মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী আজ বনকুল মহামুনি বুদ্ধ মন্দিরে ২৮টি বুদ্ধ মূর্তির আবরণ উন্মোচন করেন এবং মন্দিরে পুজো দেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা�.) মানিক সাহা বলেন, ভগবান বুদ্ধের বাণী ও ধর্মশিক্ষা শান্তি, সম্প্রীতি প্রতিষ্ঠার মধ্য দিয়ে মানুষকে সৎ পথে চলার নির্দেশনা দেয়। ভগবান বুদ্ধের বাণী আজও প্রাসঙ্গিক। তিনি আরও বলেন, রাজ্য সরকার সাবুমে ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট ইউনিভার্সিটির কাজ দ্রুত সম্পন্ন করতে সব ধরনের সহযোগিতা করবে। তিনি জানান, এই ইউনিভার্সিটিতে ধর্ম শিক্ষার পাশাপাশি সংস্কৃতি চর্চা, জপ, ধ্যান, খেলাধূলার বিকাশ ঘটানো হবে। এটি হবে আন্তর্জাতিক মানের শিক্ষাকেন্দ্র। বনকুল মহামুনি বৌদ্ধ মন্দির প্রাঙ্গণকে দেশ বিদেশের পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার প্রয়াস নেওয়া হবে। মুখ্যমন্ত্রী ৫দিন শান্তি সম্প্রীতি বজায় রেখে মেলার আনন্দ উপভোগ করার জন্য সর্বসাধারণের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফু মগ, ইন্টারন্যাশনাল বুদ্ধিস্ট ইউনিভার্সিটির চ্যাসেলার ড. ধর্মপিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত প্রমুখ।

মেলা উপলক্ষ্যে ১০টি সরকারি দপ্তরের প্রদর্শনী মন্ডপ খোলা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এমডিসি কংজং মগ, রূপাইছড়ি বিএসির চেয়ারম্যান রাখী ত্রিপুরা, বিশিষ্ট সমাজসেবী দীপায়ন চৌধুরী, বৌদ্ধ ধর্মগুরু ওয়াইমিতা মহাথেরো, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক স্মিতা মল উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য রাখেন সাবুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত।
